

**কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে  
ভর্তিতে ছাত্রলীগ কর্মীদের  
কাগজপত্র লাগবে না!**

আবদার না মানায় ট্রেজারারের  
পদত্যাগ দাবি

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা  
ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয়  
কবি কাজী নজরুল ইসলাম  
বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের এককথাকে  
প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি  
করানো নিয়ে যশোর জেরে গতকাল  
তরুণাবর্গ বিকালে ট্রেজারারের  
পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ  
মিছিল ও প্রশাসনিক ভবনে ডালা  
লাগিয়েছে ছাত্রলীগ। পরিহিঁড়ি মাঝাল  
দিতে সেখানে অভিরিক্ত পুলিশ  
ঘোতায়েন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত  
১৩ ডিসেম্বর ইলেকট্রনিক্স অ্যান্ড  
কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের  
অপেক্ষমাণ তালিকা হতে ছাত্রলীগের  
একজন কর্মীকে ভর্তি করতে প্রয়োজনীয়  
কাগজপত্র ছাড়াই বিশ্ববিদ্যালয় শাখা  
ছাত্রলীগের দপ্তর সম্পাদক সৈয়দ নূর-  
ই-রাকিব বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের  
ডিন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক  
ড. আব্দুল বাশারের কাছে যান।  
প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় ডিন  
ভর্তির অনুমতি দিতে অস্বীকৃতি জানান।  
ছাত্রলীগের দপ্তর সম্পাদক রাকিব ওই  
শিক্ষার্থীকে ছাত্রলীগের কর্মী পরিচয়  
দিয়ে তাকে ভর্তি করানোর জন্য জোর  
চাপ দিতে থাকে। কিন্তু ভর্তির বেসাচ  
ছাত্রলীগ বলে কোন শব্দ নেই—  
ট্রেজারার এমন কথা বললে কর্মীরা ফুরু  
হয়। পরে বিশ্ববিদ্যালয় শিক্ষক  
সমিতির সভাপতি ও নাট্যকলা  
বিভাগের বিভাগীয় পৃষ্ঠা ২ কলাম ৩

**কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে**

২০ পৃষ্ঠার পর  
প্রধান রফুল আমিনের মাধ্যমে ভারপ্রাপ্ত  
রেক্রুটর হুমায়ুন কবীর প্রয়োজনীয়  
কাগজপত্র ছাড়াই ১৩ ডিসেম্বর ঐ  
শিক্ষার্থীর ভর্তি সম্পন্ন করেন।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক  
ড. আব্দুল বাশার বলেন, প্রয়োজনীয়  
সনদ ছাড়া ছাত্রলীগের এক নেতা একজন  
শিক্ষার্থীকে ভর্তির অনুমতি দিতে বললে  
আমি তাতে অস্বীকৃতি জানাই। এতে  
ছাত্রলীগ ফুরু হয়। তারপর সে কিভাবে  
ভর্তি হয়েছে আমি জানি না। উপাচার্য  
অধ্যাপক ড. সৈয়দ গিয়াসউদ্দিন জানান,  
ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর প্রয়োজনীয়  
কাগজপত্র না থাকলে তাকে ভর্তির  
অনুমতি দেয়া যায় না।

কবি নজরুল বিশ্ববিদ্যালয় শাখা  
ছাত্রলীগের দপ্তর সম্পাদক রাকিব বলেন,  
আমাদের এক শিক্ষার্থীর প্রয়োজনীয় সব  
কাগজ না থাকায় আমি তাকে নিয়ে  
বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ও  
বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড.  
আব্দুল বাশার স্যারের রুমে গিয়ে  
কাগজপত্র পরে এনে দিবে বলে হোস্টেলের  
ভর্তির অন্য স্যারকে সমস্ত দিতে অনুরোধ  
করি। এ সময় আমি আমার পরিচয়  
ছাত্রলীগ নেতা বলে পরিচয় দিলে তিনি  
কিছু হয়ে ভর্তির ক্ষেত্রে ছাত্রলীগ বলে  
কোন শব্দ নেই বলে প্রয়োজনীয়  
কাগজপত্র ছাড়া অনুমতি দেয়া যাবে না  
বলে জানিয়ে দেন। কিন্তু পরে প্রয়োজনীয়  
কাগজপত্র ছাড়াই সেই শিক্ষার্থী ভর্তিও  
হয়েছে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের  
সভাপতি জাকিরুল হাসান রনি বলেন,  
ট্রেজারার ছাত্রলীগকে নিয়ে কটুটি করা  
এর প্রতিবাদে আমরা গতকাল তার  
পদত্যাগের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ  
করে প্রশাসনিক ভবনে ডালা লাগিয়েছি।  
ট্রেজারার পদত্যাগ না করা পর্যন্ত  
আমাদের আন্দোলন অব্যাহত থাকবে।